

বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরামের সম্মানিত সাংবাদিকদের সাথে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া-এর মতবিনিময়

আজ রবিবার ১ এপ্রিল ২০১৮ইং তারিখ, দুপুরে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের কার্যালয়ে বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরামের সম্মানিত সাংবাদিকদের সাথে এ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া মতবিনিময় করেছেন। মতবিনিময় সভায় আরো উপস্থিত ছিলেন সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ জুলফিকার রহমান খান, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরামের সম্মানিত সভাপতি তৌফিক মারুফ, সহ-সভাপতি জান্নাতুল বাকেয়া কেকা, সাধারণ সম্পাদক নিখিল মানখিন, সহ-সাধারণ সম্পাদক হামিম-উল-কবির, সাংগঠনিক সম্পাদক সেবিকা দেবনাথ, অর্থ সম্পাদক নেছার উদ্দিন আহমেদ, নির্বাহী সদস্য শিশির মোড়ল, সদস্য আবুল খায়ের, দিনার সুলতানা, এম এম রাশেদ রাবিব, জাকিয়া আহমেদ, দুলাল হোসেন, মোঃ আয়নাল হোসেন, আমির হোসেন রিকু, মাসুদ প্রমুখ।

মতবিনিময় সভায় উপস্থিত সম্মানিত সাংবাদিকবৃন্দ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সম্পর্কে তাঁদের সুচিন্তিত, বিশ্লেষণধর্মী, সচেতনমূলক মতামত ব্যক্ত করেন।

নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া উপস্থিত সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়কে চিকিৎসা শিক্ষা, গবেষণা এবং চিকিৎসা সেবায় সেন্টার অব এক্সিলেন্স হিসেবে ঘোষণার বাস্তব প্রতিফলন ঘটাতে সর্বোচ্চ প্রচেষ্টা চালাবো। আমি নিজে একজন ক্লিনিশিয়ান হওয়ায় কীভাবে রোগীকে আরও অধিকতর উন্নতমানের সেবা প্রদান করা যায় সে বিষয়ে আমার সম্যক ধারণা আছে। এ বিশ্ববিদ্যালয়ের অধীনে বিপুলসংখ্যক ডাক্তার বিভিন্ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিতে ভর্তি ও পড়াশুনা করছেন। শুধু সংখ্যায় কোর্স খুলে দিলেই হবে না, যথাযথ মনিটরিং করে ওই সকল কোর্সের শিক্ষার্থীরা উন্নততর প্রশিক্ষণ পেয়ে ও ভালোভাবে পড়াশুনা করে ডিগ্রি লাভ করছে কিনা তা খতিয়ে দেখা হবে। শুধু শিক্ষার্থীরাই নন, সহকারী ও সহযোগী অধ্যাপকদেরকে দেশ-বিদেশে উন্নততর প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বিশেষজ্ঞ করে গড়ে তোলার প্রচেষ্টা চালানো হবে। কোনো চিকিৎসকের ভুলে কারণে যেন রোগীর ক্ষতি না হয় সে জন্য বিশ্ববিদ্যালয়ে মানসম্পন্ন ভালো শিক্ষক ও চিকিৎসক তৈরি করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালাবো। এছাড়া গবেষণার প্রতিও অধিকতর গুরুত্ব প্রদান করা হবে। জাতির জনকের নামে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ের সর্বাঙ্গীণ উন্নতিই হবে আমার প্রধান লক্ষ্য। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সহ চিকিৎসা বিষয়ক দেশের সকল প্রতিষ্ঠান, ইনস্টিটিউটের স্নাতকোত্তর ডিগ্রিসমূহ আন্তর্জাতিক মানে উন্নীত করে বিদেশে স্বীকৃতি অর্জনের উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন করটাই আমার অন্যতম লক্ষ্য।

উল্লেখ্য, গত ২৪ মার্চ ২০১৮ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন বিশিষ্ট নিউরোসার্জন, বাংলাদেশ কলেজ অফ ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স (বিসিপিএস)-এর সভাপতি এবং এ বিশ্ববিদ্যালয়ের সার্জারি অনুষদের ডীন ও নিউরোসার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া।

